

রামাল্লায় প্যালেস্তাইন-ভারত 'তথ্য-প্রযুক্তি পার্ক' তৈরির বিষয়ে ভারত-প্যালেস্তাইনের মধ্যে সমঝোতা স্মারক (মউ) স্বাক্ষরিত

ভারত এবং প্যালেস্তাইনের মধ্যে রামাল্লায় প্যালেস্তাইন-ভারত টেকনো পার্ক তৈরির ব্যাপারে সমঝোতা স্মারক (মউ) স্বাক্ষরিত হল ৩১ অক্টোবর, ২০১৬। অক্টোবর ২০১৫ তে ভারতের মহামান্য রাষ্ট্রপতির প্যালেস্তাইন সফরের সময়ে এই পার্ক তৈরির কথা ঘোষণা করা হয়। ভারত সরকার ঘোষণা করেছে এই পার্ক তৈরির জন্য ১২ মিলিয়ন মার্কিন ডলার আর্থিক অনুদানের কথা, যা ষাণ্মাষিক ভিত্তিতে দু'বছরে ৩ মিলিয়ন মার্কিন ডলার করে দেওয়া হবে। প্যালেস্তাইন এই প্রকল্পের জন্য জমি দেবে। এই টেকনো পার্কের প্রস্তুতি সম্পূর্ণ হলে, তা প্যালেস্তাইনের একটি তথ্য-প্রযুক্তি হাব হিসাবে গড়ে উঠবে, যেখানে মিলবে আইটি-র সব রকম সুযোগ-সুবিধা এবং একই জায়গাতেই আইটি সংক্রান্ত সমস্যার প্রয়োজনীয় সমাধান করা হবে, তুলে ধরবে রাষ্ট্রের শিল্প-প্রযুক্তির কথা, তথ্য প্রযুক্তি সংস্থা এবং বিদেশী সংস্থার দ্বারা উপকৃত হবে স্থানীয় ব্যবসা, বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য প্রতিষ্ঠান।

প্যালেস্তাইনকে এই কাজে সহযোগিতা করতে ভারত সরকার দৃঢ়ভাবে অঙ্গিকারবদ্ধ। এই প্রকল্প প্যালেস্তাইনে তরুণ প্রজন্মের কাছে চাকরি, ব্যবসা এবং অন্যান্য সুযোগ পেতে সাহায্য করবে।

নয়াদিল্লি

অক্টোবর ৩১, ২০১৬